



সুশান্ত-রিয়ার প্রেম নিয়ে গল্প আসছে সিনেমায়, কাকে দেখা যাবে তাদের চরিত্রে



সুশান্ত ও তার প্রেমিকা রিয়া- সংগৃহীত ছবি

বলিউডের সুশান্ত সিং রাজপুতের মৃত্যুর ৫ বছর প্রায় শেষ কিন্তু তার স্মৃতি এখনো ভক্তদের মনে অম্লান। তার জীবনের এক বিশেষ অধ্যায়—প্রেম ও সম্পর্কঘিরে তৈরি হতে যাচ্ছে একটি পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র। তার প্রেমের সিনেমাটির পরিকল্পনা নিয়েছেন বলিউডের খ্যাতিমান পরিচালক ও চিত্রনাট্যকার রুমি জাফরি।

সংবাদমাধ্যম দ্যা ইকোনমিক টাইমস থেকে জানা যায়, সুশান্ত এবং তার প্রেমিকা রিয়া চক্রবর্তীর বাস্তব জীবনের প্রেমগাথা অবলম্বনে তৈরি হবে সিনেমাটি। সেই প্রেমের গল্পকে পর্দায় তুলে ধরার জন্য রুমি বর্তমানে চিত্রনাট্য তৈরির কাজ করছেন। এক সাংবাদিক সম্মেলনে রুমি বলেন, মনে হয় সুশান্ত এখনও আমার আশপাশে রয়েছে। ওর উপস্থিতি ছিল প্রাণবন্ত, জীবনের প্রতি ওর ভালোবাসা ছিল দুর্দান্ত। রিয়া তার জীবনের গুরুত্বপূর্ণ অংশ ছিল। ওদের সম্পর্ক ছিল গভীর এবং হৃদয়ছোঁয়া।

রুমি জানান, সুশান্ত জীবিত থাকা অবস্থাতেই তিনি তাদের প্রেম নিয়ে একটি সিনেমা তৈরির কথা ভাবতেন। সুশান্ত-রিয়া জুটির মধ্যকার সম্পর্ক তার কাছে ছিল সিনেমার মতোই আবেগময়। সবচেয়ে বড় প্রশ্ন সুশান্তের চরিত্রে কে থাকবেন? পরিচালক রুমি জানিয়েছেন, তিনি এই ভূমিকায় দেখতে চান 'জিগরা' সিনেমায় অভিনয় করা তরুণ অভিনেতা বেদাস্ রায়নাকে। যদিও আনুষ্ঠানিকভাবে কিছুই চূড়ান্ত হয়নি, তবে এই সিদ্ধান্ত নিয়ে ইতিমধ্যেই বলিউডে আলোচনার বাড়া উঠেছে।

উল্লেখ্য -, ২০২০ সালের ১৪ জুন বলিউডের তারকা সুশান্ত সিং রাজপুতের রহস্যজনক মৃত্যুর ঘটনায় পুরো ভারতজুড়ে উত্তাল পরিস্থিতি হয়েছিল। তার প্রেমিকা রিয়া চক্রবর্তী সেই সময় আলোচনার কেন্দ্রবিন্দুতে ছিলেন। তাদের সম্পর্ক, ভাঙন ও নানা বিতর্ক আজও আলোচনার বিষয়। এবার সেই গল্প নিয়ে সিনেমা তৈরি করতেছে। বড় পর্দায় দেখা মিলবে এই সিনেমা।